**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি**

**অবসর ভবন**

৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯

ফোন ঃ ৯১১৯২০৮, ৯১১৪৮৫৮।


---

## নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ **১১.০৭.২০১৮**

সভার সময় - পূর্বাহ্ন **১১.০০** ঘটিকা

স্থান- অবসর ভবন, সম্মেলন কক্ষ

সভার চেয়ারম্যান - জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)**

১. জনাব মোঃ আব্দুল মান্নান
২. জনাব এ,কে, শামসুল হক
৩. জনাব মোঃ আনিসুজ্জামান
৪. জনাব মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক)
৫. জনাব মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ
৬. জনাব এম মিজানুর রহমান
৭. জনাব বি এম কামাল
৮. জনাব মহিউদ্দিন আহমেদ
৯. জনাব এ কে ফজলুল হক

চেয়ারম্যান সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় ঃ

**আলোচ্যসূচী -১ ঃ সমিতির নবগঠিত নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির সদস্যদের পরিচিতি।**

উক্ত উপ-কমিটির চেযারম্যানের আহ্বানক্রমে নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির সদস্যগণ নিজ নিজ পরিচিতি প্রদান করেন।

**আলোচ্যসূচী -২ ঃ সমিতির নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ২০ ফেব্রুয়ারী, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

সমিতির নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ২০ ফেব্রুয়ারী, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীটি পাঠ করার জন্য উক্ত কমিটির চেয়ারম্যান সমিতির পরিচালক (প্রশাসন)কে অনুরোধ জানান। তদনুযায়ী কার্যবিবরণী পাঠান্তে তা সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করায় তা নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচী - ৩ ঃ <u>বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা</u>।**

বিগত সভায় গৃহীত সুপারিশের আলোকে কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক নাক, কান ও গলা বিভাগের চিকিৎসক পদে ডাঃ রাশেদুল হাসানকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

**আলোচ্যসূচী- ৪ ঃ <u>সমিতির সংরক্ষণ প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমানের চুক্তিভিত্তিক নিয়োগ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ</u>।**

উপ-কমিটির চেয়ারম্যান ও সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর সভাকে জানান যে, সমিতির সংরক্ষণ প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমান অত্র সমিতির নিয়মিত চাকুরী হতে অবসর গ্রহণ করার পর সমিতিতে পরবর্তী চুক্তিভিত্তিক চাকুরীতে নিয়োজিত আছেন। সমিতিতে তার বর্তমান চাকুরীর চুক্তির মেয়াদান্তে তিনি ২১ জুলাই, ২০১৮ তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক চাকুরী প্রাপ্তির জন্য আবেদন করেছেন। তার আবেদন বিবেচনার জন্য অদ্য নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, তিনি সমিতির ভবন রক্ষনাবেক্ষন, পয়ঃনিষ্কাশন, পানির লাইন, গ্যাস লাইন, মেডিকেল যন্ত্রপাতি ক্রয়, চিকিৎসা কেন্দ্রের রি-এজেন্ট ও সরঞ্জামাদি ক্রয়ের ব্যবস্থা করে থাকেন। তিনি সমিতির বিভিন্ন অনুষ্ঠানের আপ্যয়নসহ অন্যান্য কেনা কাটার দায়িত্ব পালন করে থাকেন। এছাড়া তিনি সমিতির ভাড়াটিয়াদের গ্যাস, বিদ্যুৎ ও পানি ইত্যাদি সমস্যার সমাধানসহ তাদের নিকট হতে ভাড়া আদায়ের ব্যবস্থা করে থাকেন। তিনি বর্তমানে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও কর্মক্ষম আছেন। তার জম্ম তারিখ ২১ জুলাই, ১৯৫৫ হওয়ায় তার বর্তমান বয়স প্রায় ৬৩ বছর। সমিতির চাকরিবিধি মোতাবেক ৬৯ বছর পর্যন্ত চুক্তিভিত্তিক চাকরি করার বয়স নির্ধারণ আছে। এমতাবস্থায়, তার আবেদনের বিষয়টি বিবেচনা ও সিদ্ধান্তের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে। তিনি এ বিষয়ে সকলের মতামত আহ্বান করলে কমিটির সদস্য জনাব মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ জানান যে, অনেক সদস্য তার কার্যক্রম সম্পর্কে বিরূপ মতামত প্রদান করেছেন। এ প্রেক্ষাপটে তাকে দু'বছরের চুক্তিভিত্তিক নিয়োগদান বিবেচনা না করে তিনি আপাততঃ এক বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগদানের প্রস্তাব করেন। কমিটির সদস্য জনাব মিজানুর রহমানও জনাব ওয়াসিউজ্জামান আকন্দের প্রস্তাব সমর্থন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সংরক্ষণ প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমানকে ২১ জুলাই,২০১৮ হতে ১ (এক) বছরের চুক্তিভিত্তিক নিয়োগদানের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-৫ঃ <u>সমিতির চাকরি বিধি, নিয়োগ বিধি ও অর্গানোগ্রাম সংশোধন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ</u>।**

সমিতির চেয়ারম্যান ও মহাসচিব উল্লেখ করেন যে, কমিটির সদস্য সংখ্যা দ্রুতগতিতে বৃদ্ধি পাওয়ার কারনে সদস্যদের সুষ্ঠু সেবা প্রদান বর্তমান লোকবল দ্বারা যথাযথভাবে সম্ভব হচ্ছে না। সদস্যদের সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে চিকিৎসাকেন্দ্র ও হিসাব বিভাগসহ কয়েকটি বিভাগে অতিরিক্ত লোকবল নিয়োগের প্রয়োজন।

এ প্রেক্ষিতে বেশ কয়েকটি পদ সৃষ্টি করা জরুরী হয়ে পড়েছে। এতদ্ব্যতীত চাকরি বিধি ও নিয়োগ বিধি আরও যুগোপযোগী করা একান্ত প্রয়োজন। বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করে সমিতির বিদ্যমান চাকরিবিধি, অর্গানোগ্রাম ও নিয়োগবিধি সংশোধন করে সময়োপযোগী করার লক্ষ্যে এতসংক্রান্ত উপ-কমিটির মাধ্যমে সংশোধনের ব্যবস্থা করার জন্য কার্যনির্বাহী কমিটিতে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে অদ্যকার সভায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তভাবে একটি অনু-কমিটি গঠন করা হয় ঃ

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর | আহ্বায়ক |
| ২. | জনাব এ,কে, শামসুল হক | সদস্য |
| ৩. | জনাব মোঃ আনিসুজ্জামান | ” |
| ৪. | জনাব মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক) | ” |
| ৫. | জনাব মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ | ” |
| ৬. | জনাব এম মিজানুর রহমান | ” |

উক্ত অনু-কমিটিকে সহযোগিতা করার জন্য সমিতির প্রশাসন শাখা সাচিবিক দায়িত্ব পালন করবে।

**আলোচ্যসূচী- ৬ ঃ বিবিধ**।

বিবিধ আলোচনাকালে সমিতির মহাসচিব উল্লেখ করেন যে, সমিতির ডেন্টাল চিকিৎসক ডাঃ সেলিম ইফতেখার চুক্তিভিত্তিক চাকরির পরিবর্তে তার চাকরি নিয়মিত করার জন্য একখানা আবেদন দাখিল করেছেন। তিনি আবেদনটি সভায় পাঠ করে শুনান। সভায় ডাঃ সেলিম ইফতেখারকে চুক্তিভিত্তিক চাকরি হতে নিয়মিত চাকুরী প্রদানের জন্য বিধি মোতাবেক তার বয়স আছে কিনা এবং নিয়মিত চাকরি প্রদান করা হলে তাকে জাতীয় বেতন স্কেলের কোন গ্রেড প্রদান করা হবে তা নির্দিষ্টকরণসহ সার্বিক বিধি-বিধান পর্যালোচনা করে মতামত প্রদানের জন্য তার আবেদনটি চাকরি বিধি সংশোধন সংক্রান্ত অনু-কমিটির সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে চেয়ারম্যান সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুল কাইউম ঠাকুর)
চেয়ারম্যান
নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটি